

বরিশাল বোর্ডে পাসের হার হ্রাস পেয়েছে ৪.১৫ ভাগ

নাহিম উল আলম : বরিশাল শিক্ষা বোর্ডের পাসের হার অভিভাবক ও ছাত্র-ছাত্রীদের মুখের হাসিকে যথেষ্টই হ্রাস করে দিয়েছে। গত বছরের তুলনায় পাসের হার এবার বরিশাল শিক্ষা বোর্ডে প্রায় ৪.১৫% হ্রাস পেয়েছে। তবে নকলমুক্ত পরিবেশে এ পাসের হারে তদুপায় দেখা-পড়া করা ছাত্র-ছাত্রীরাই কৃতিত্ব অর্জন রূপায় শিক্ষা ব্যবস্থায় আগামীতে ইতিবাচক প্রভাব পড়বে বলে মনে করছেন পর্যবেক্ষক মহশ। এবারও বরিশাল শিক্ষা বোর্ডে ছেলদের তুলনায় মেয়েদের ফলাফল খারাপ হয়েছে। বরিশাল ক্যাডেট কলেজ-এর ১০০% ছাত্রই এবারও জিপিএ-৫ লাভ করে পুনরায় তাদের অতীত পৌরস্বকে অটুট রাখতে সক্ষম হয়েছে। বরিশালে এবারের এসএসসি পরীক্ষায় পাসের হার ৪৩.৪১%। যা গত বছর ছিল ৪৭.৫৬%। এবারের বরিশাল শিক্ষা বোর্ডের আওতায় ৫২,৩১৬ জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করে। এর মধ্যে পাস করেছে ২২,৭০৮। যার মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৩৮২ জন। জিপিএ-৫ পাওয়া ছাত্র-ছাত্রীর মধ্যে ছাত্রীর সংখ্যা ১৩৫ ও ২৪৭ ছাত্র। তবে জিপিএ-৫ পাওয়া ৩৮২ ছাত্র-ছাত্রীর মধ্যে ৩৩৪ জনই বিজ্ঞান বিভাগে। মানবিকে ১৬ ও বাণিজ্য বিভাগে ৩২। এছাড়া গোটা শিক্ষা বোর্ডে জিপিএ ৪>৫ পেয়েছে ২৪৮৪, জিপিএ৩.৫<৪ পেয়েছে ৩,১৭৩, জিপিএ ৩-৩.৫ পেয়েছে ৪,৫৫২ জন, জিপিএ ২-৩ পেয়েছে ৯,২৬৪ এবং জিপিএ ১-২ পেয়েছে ২,৮৫৩।